


# Payment Service Provider and Payment System Operator

**১. ব্যাংক ও MFS ছাড়া আর কোন কোন ধরনের প্রতিষ্ঠান অর্থ পরিশোধ সেবা প্রদান করে?**

উত্তর ঃ ব্যাংক ও MFS ছাড়া আরও দুই ধরনের প্রতিষ্ঠান অর্থ পরিশোধ সেবা প্রদান করে থাকে। যথা - PSO এবং PSP.

**২. PSO কী? এটি কী ধরনের পরিশোধ সেবা প্রদান করে?**

উত্তর ঃ PSO মানে পেমেন্ট সিস্টেম অপারেটর। PSO প্রধানতঃ Payment Gateway সার্ভিস প্রদান করে, যার সাহায্যে ই-কমার্স উদ্যোক্তারা তাদের পণ্য/সেবা মূল্য ইন্টারনেটের মাধ্যমে গ্রহণ করতে পারে। এছাড়া কিছু PSO এর অবকাঠামো ব্যবহার করে ব্যাংকগুলো কার্ড ও ATM লেনদেন পরিচালনা করে।

**৩. PSO ব্যবসায় পরিচালনার পূর্বশর্ত কী?**

উত্তর ঃ PSO ব্যবসা পরিচালনার জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স গ্রহণ করতে হবে।

**৪. বাংলাদেশে PSO হিসেবে ব্যবসা পরিচালনা করছে কারা?**

উত্তর ঃ বর্তমানে আইটি কনসালটেন্ট লিঃ, এসএসএল কমার্স লিঃ, সূর্যমুখী লিঃ এবং প্রগতি সিস্টেমস লিঃ বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স নিয়ে PSO হিসেবে কাজ করছে।

**৫. PSP কী? এটি কী ধরনের পরিশোধ সেবা প্রদান করে?**

উত্তর ঃ PSP মানে পেমেন্ট সার্ভিস প্রোভাইডার। PSP প্রদত্ত সেবা e-wallet সেবা নামে পরিচিত। নির্দিষ্ট সেবাদানকারীর সাথে একাউন্ট খোলার মাধ্যমে গ্রাহক তার ব্যাংক একাউন্ট হতে e-wallet এ টাকা এনে অনলাইন কেনাকাটা, ইউটিলিটি বিল পরিশোধ, টিউশন ফি পরিশোধ ইত্যাদি লেনদেন করতে পারে।

**৬. PSP ব্যবসায় পরিচালনার পূর্বশর্ত কী?**

উত্তর ঃ PSP ব্যবসা পরিচালনার জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স গ্রহণ করতে হবে।

**৭. বাংলাদেশে PSP ব্যবসা পরিচালনা করছে কারা?**

উত্তর ঃ বর্তমানে দেশে আই-পে সিস্টেমস লিঃ ও ডি মানি বাংলাদেশ লিঃ বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স নিয়ে PSP সেবা দিচ্ছে।

**৮. কিভাবে PSP এবং PSO লাইসেন্স পাওয়া যায়?**

উত্তর ঃ প্রথম ধাপে PSP এবং PSO লাইসেন্স পেতে আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের ব্যবসায়িক ধারণাপত্র ও আনুসঙ্গিক দলিলপত্র বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেমস বিভাগে জমা দিতে হয়। ঐ প্রতিষ্ঠানের ব্যবসায়িক ধারণাপত্র ও আনুসঙ্গিক দলিলপত্র পর্যালোচনায় বাংলাদেশ ব্যাংক সন্তোষজনক মনে করলে তাদের প্রযুক্তিগত অবকাঠামো উন্নয়নের জন্য অনাপত্তি পত্র (NOC) প্রদান করে। নির্ধারিত সময়ের মধ্যে সফলভাবে প্রযুক্তিগত অবকাঠামো বাস্তবায়ন সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স পেয়ে থাকে।